



মুন্সিগঞ্জ সিএসই কনফারেন্স অনুষ্ঠিত

on: November 26, 2017 In: বিজ্ঞান প্রযুক্তি No Comments

তথ্যপ্রযুক্তিতে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি করতে দেশব্যাপী শুরু হওয়া সিএসই কনফারেন্স এবার অনুষ্ঠিত হলো রাজধানীর অদূরে মুন্সিগঞ্জে। শনিবার মুন্সিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট অডিটোরিয়ামে আড়াইশ শিক্ষার্থীর অংশগ্রহণে এ কনফারেন্স অনুষ্ঠিত হয়।

কনফারেন্সে আলোচনায় অংশ নেন পলিটেকনিক ইনস্টিটিউটের প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার মিজানুর রহমান, ডাইস প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার শফিকুল ইসলাম, কম্পিউটার টেকনোলজি বিভাগের প্রধান ইঞ্জিনিয়ার মো. আলাউদ্দিনসহ বিভিন্ন ডিসিপ্লিনের শিক্ষকবৃন্দ।

কনফারেন্সে তথ্যপ্রযুক্তির আপডেট ভার্সন, প্রোগ্রামিং, মাইক্রোসফট সফটওয়্যার ডেভেলপমেন্ট, আইওটি, স্টাটিং ইউর ক্যারিয়ার ওয়েব ও ডাটাবেজ ডেভেলপমেন্ট, রোবোটিকস প্রজেন্টেশন, আউটসোর্সিং, মোবাইল অ্যাপস ও তথ্যপ্রযুক্তিতে উন্নত ক্যারিয়ার গঠন বিষয়ক ক্লাস নেন দেশি-বিদেশি প্রকৌশলীরা।